

ঢাকা : নভেম্বর ০৬, ২০১৮।

প্রতিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মীবৃন্দ

হতে : নির্বাহী পরিচালক

বিষয় : যেসব কর্মী কোন কর্মীর দ্বারা প্রভাবিত হয়ে সুবিধা পেয়েছে বা নিয়োগ হয়েছে, বা কোনো কর্মীর আত্মীয় রয়েছে এবং যেসব বাইরের লোকজন দ্বারা ফোন করে ও প্রভাব খাটায় তা সরাসরি নির্বাহী পরিচালককে অবগতি করুন সর্বশেষ ৩০ নভেম্বর ২০১৮ এর মধ্যে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. আমাদের নিয়ম রয়েছে যে, নির্বাহী পরিচালকের অনুমোদন ব্যাতিরেকে কোনো কর্মীর আত্মীয় (সংজ্ঞা ক.ভাই,বোন,ছেলে,মেয়ে (একচুলায় রান্না হয়)।
খ. মামা, চাচা, খালা, ফুপ্পু, ভাতিজা, ভাগ্নে, ভাগ্নি।
গ. ভাইবোন (মামাতে, চাচাতো, ফুপাতো)।
ঘ. ভাগ্নিপতি, ভাই এর বউ, ভাসুর, জা, দেবর, নন্দ, নন্দের স্বামী, শালা, শালী, বোনের দেবর, দেবরের
বউ, নন্দ, নন্দের স্বামী, ভাইয়ের শালা, শালার বউ, শালী, শালীর স্বামী।)
- নিয়োগ পরীক্ষায় অবর্তীন হতে পারবেনো এবং নিয়োগ করা যাবেনা যতক্ষণ না নির্বাহী পরিচালক অনুমোদন করবেন। কারণ -
 - এই নিয়োগ বা স্থানান্তরের ক্ষেত্রে স্বার্থের দন্ত (Conflict of interest) যাতে না হয় তা দেখার ব্যবস্থা করা এবং তার উপর নজর রাখতে হবে।
 - কর্মীদেরকে পরবর্তীতে এ ধরনের প্রভাবিত করা থেকে বিরত রাখা এবং তা নিয়মিত মানিটর করা।
- কিন্তু দেখা যাচ্ছে যে, এটা মানা হচ্ছেনা এবং অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, সংগঠনের উচ্চ পর্যায়ের পদবী ধারীর তাদের পদকে অপব্যবহার করে দূর্বল কর্মীদের নিরাপদ বা ধরা হোয়ার বাইরে রেখেছে। যে কারণে কোন কোন শাখার শাখার খেলাপী হচ্ছে এবং কোন কোন প্রকল্পে কাজের মান ধরে রাখা যাচ্ছে না।
- এমতবস্থায় আমি সকল কর্মীবৃন্দকে অনুরোধ করছি। আপনারা আগামী ৩০ শে নভেম্বর ২০১৮ এর মধ্যে সরাসরি আমাকে ফোন করে প্রকাশ করুন।
 - সংগঠনে কোন শাখায় বা প্রকল্পে যার যার কোন কোন আত্মীয় নিয়োগ পেয়েছে বা রয়েছে।
 - সংস্থায় কোন শাখায় বা প্রকল্পে কোন কোন কর্মীকে সুবিধা দেবার জন্য বাইরের লোকজন ফোন করে দুর্মিক দেয় এবং সুপারিশ করে।
 - সংগঠনের কোন শাখায় বা প্রকল্পের কোনো কর্মীর জন্য সংগঠনের উচ্চ পর্যায়ের কোন কোন কর্মীরা প্রভাবিত করে বা ফোন করে, এমন কি সকল পর্যায়ের কর্মীরাও আমার কাছে ঘোষণা করতে পারবেন যে, তার এই আত্মীয় এই এই জায়গায় রয়েছে।
- আমি যথা সম্ভব নিচয়তা দিতে চাই যে, আপনারা যদি ৩০ নভেম্বর ২০১৮ এর মধ্যে আপনাদের আত্মীয় ও প্রভাবাধীন কর্মীর নাম প্রকাশ করেন সেই কর্মী যদি নৃন্যতম মাত্রায় ভালো কাজ করে থাকেন তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে না।
- কিন্তু ৩০ নভেম্বর ২০১৮ এর পর বিভিন্ন পদ্ধতিতে যাচাই করে এ ধরণের প্রভাবাধীন ও সুবিধাপ্রাপ্ত কর্মী এবং তার Patron দেয় চিহ্নিত করে শৃঙ্খলা বিধান করা হবে। যারা প্রভাবিত করে এবং যারা প্রভাব শুনে এবং সুবিধা প্রাপ্ত তাদের সবাইকে শৃঙ্খলা বিধানের আওতায় আনা হবে।
- এই সার্কুলারটি আগামী দুটি সাপ্তাহিক সভায় আলোচিত হবে। এই সার্কুলার পড়ে সকল কর্মী স্বাক্ষর করিয়ে এবং আগামী ৩০ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে।
- সংগঠনের কর্মীদের প্রভাবিত করণে নিরপেক্ষতা ও কাজের মান বজায় রাখার স্বার্থে আমি সবার সহযোগিতা প্রত্যাশা করছি।

বিনীত

রেজাউল করিম চৌধুরী

নির্বাহী পরিচালক

মোবাইল: ০১৭১১-৫২৯৭৯২/০১৮৪১-৫২৯৭৯২